



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ-১০, আশারগঞ্জ সিল্ক সেন্টার, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd



স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৫.২৫.১৭০

তারিখ: ০৮/০৯/২০২৫

বিজ্ঞপ্তি

‘জাতীয় সমবায় পুরস্কার ২০২৪’ এর মনোনয়ন আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার মীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির প্রেরিখনিয়াস অনুযায়ী ১৪টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি প্রেরি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন মহিলা) ২০২৪ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

সমবায় সমিতির প্রেরি/ক্যাটাগরিসমূহ

১. কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়: কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়: সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. উৎপাদনমুখী সমবায়: দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, জোপাশা সমবায় সমিতি;
৪. ব্যবসায়ী সমবায়: বোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. মুক্তিযোদ্ধা সমবায়: মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. বিত্তহীন, ভূমিহীন সমবায়: বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আগ্রয়ণ সমবায় সমিতি;
৭. মহিলা সমবায়: মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. পেশাভিত্তিক সমবায়: মৃৎশিল্পী সমবায় সমিতি, জীবা সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্স/অটোটেম্পো/টেক্সিকার/মটরট্রাক বা ট্যাক্সি-লার চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. গৃহায়ন/ বহুমুখী সমবায়: গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা আপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. বিশেষ ও অন্যান্য প্রেরি: যুব সমবায় সমিতি, কুদ্র নৃ-ঐতিহিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত প্রেরি বাটাত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

আবেদন প্রক্রিয়া

১. আবেদন ফরম প্রাপ্তিস্থান: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট www.rdc.gov.bd এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট www.coop.gov.bd বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে ০৮/০৯/২০২৫ তারিখ হতে পাওয়া যাবে।
২. আবেদন ফরম জমা: সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৬/০৯/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

(Signature)
মুনিয়া হাফিজ

নিবন্ধক ও মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৪৮১১৯৩০৫

reg.dg@coop.gov.bd